বিষয় কোড | ২ | ৬ | ৯

এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ১০ মিনিট **পূর্ণমান—৬০**

[নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও ।]

১। ভারতীয় উপমহাদেশে ইংরেজদের আগমন একটি উল্লেখযোগ্য ঘটনা। ১৬০০ সালে ব্রিটেনে 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' নামে একটি বণিক সংঘ গড়ে উঠে এবং পরবর্তীতে এ কোম্পানি বাণিজ্য করার জন্য ভারতবর্ষে আসে। তবে বাণিজ্যের আড়ালে তারা এ উপমহাদেশে ক্ষমতা দখলের প্রতিযোগিতায় অবতীর্ণ হয় এবং ১৭৫৭ সালের পলাশী যুদ্ধের পর তারা এদেশের প্রকৃত শাসকের ভূমিকায় অবতীর্ণ হয় এবং প্রায় সুদীর্ঘ ২০০ বছরের অত্যাচার, নিপীড়ন, শোষণ ও সামন্তবাদী শাসন চালায়।

ক. ইস্ট ইন্ডিয়া কোম্পানির সদস্য সংখ্যা কত ছিল? ১

খ. হিন্দু-মুসলমানের অসম বিকাশ বলতে কী বোঝ? ২

গ. ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনামলে এদেশের রাজনৈতিক অবস্থা কেমন ছিল? ৩

ঘ. ইংরেজ সরকারের সামন্তবাদী শাসনের ফলস্বরূপ 'চিরস্থায়ী বন্দোবস্ত' ব্যবস্থা– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২। ইংরেজ শাসনামলে গৃহীত 'ভাগ কর ও শাসন কর' নীতি হিন্দু ও মুসলিম সম্প্রদায়ের মধ্যে জাতিগত বিভাজন ও সাম্প্রদায়িকতার বিষবাষ্প তৈরি করে। পাশাপাশি তাদের অন্যায় ও অত্যাচারে তথা কুশাসনের ফলে জনজীবন বিপর্যস্ত হয়। বিশেষ করে মুসলিম সম্প্রদায়ের পাশ্চাত্য শিক্ষা গ্রহণে অনীহার ফলে তারা চাকরি ও সামাজিক প্রতিপত্তি হারিয়ে নিঃস্ব জাতিতে পরিণত হয়। এ অবস্থা থেকে মুক্ত করার জন্য বিভিন্ন চিন্তাবিদ ও রাজনীতিবিদ ও সমাজ সংস্কারকের আবির্ভাব ঘটে।

ক. কার শাসনামলে বঙ্গভঙ্গ হয়েছিল? ১

খ. বঙ্গভঙ্গের অর্থনৈতিক কারণ বর্ণনা কর। ২

গ. হোসেন শহীদ সোহরাওয়ার্দীর রাজনৈতিক অবদান আলোচনা কর। ৩

ঘ. মুসলিম শিক্ষা বিস্তারে নবাব স্যার সলিমুল্লাহ কী কী পদক্ষেপ নিয়েছিলেন? বর্ণনা কর। ৪

৩। শ্রেণিকক্ষে পৌরনীতির শিক্ষক ভারতবর্ষে ব্রিটিশদের আগমন, রাজনৈতিক সংকট এবং ব্রিটিশবিরোধী বিভিন্ন আন্দোলন নিয়ে আলোচনা করেছিলেন। ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহের অবসান হলে সমগ্র ভারতবাসী ব্রিটিশদের অধীনস্থ হয়ে পড়ে। কিন্তু পরবর্তীতে বঙ্গভঙ্গ, অসহযোগ আন্দোলন, খেলাফত আন্দোলন ইত্যাদি আন্দোলন মুসলমান সম্প্রদায়ের মধ্যে আত্মজাগরণ সৃষ্টি করে। জাগ্রত ভারতীয়দের চাপে ১৯৪৭ সালে দুটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়।

ক. কে ক্রিপস প্রস্তাবনা নিয়ে আসেন? ১

খ. গোল টেবিল বৈঠক সম্পর্কে কী জান? ২

গ. মন্ত্রিমিশন পরিকল্পনার মূল উদ্দেশ্য কী ছিল? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ১৯৪৭ সালের ভারত শাসন আইনের তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৪। ৬ জুলাই একটি জাতীয় পত্রিকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মারামারির খবর পড়ে মামুন সাহেব খুবই মর্মাহত হন। অতঃপর স্বাধীনতা পূর্ব ছাত্রদের বিভিন্ন ভূমিকার কথা তার মনে পড়ে। তিনি তখন ছাত্র ছিলেন। বিশাল মিছিলে ছাত্ররা শিক্ষার সুযোগ-সুবিধা সংক্রান্ত দাবি ও অন্যান্য দাবি নিয়ে এগিয়ে আসছিলেন। এতে সাধারণ মানুষও যোগ দেয়। পুলিশ গুলি চালালে কয়েকজন ছাত্রনেতা, শিক্ষক ও শ্রমিক নিহত হয়। রাজপথ, অফিস ছাত্রদের নিয়ন্ত্রণে চলে যায়।

ক. আগরতলা ষড়যন্ত্র মামলা কী? ১

খ. মুজিবনগর সরকার গঠন সম্বন্ধে যা জান লেখ। ২

গ. মামুন সাহেবের কোন আন্দোলনের কথা মনে পড়ে? ৩

ঘ. শিক্ষার সুযোগ-সুবিধাই কী উক্ত আন্দোলনের মুখ্য কারণ ছিল? মতামত দাও। ৪

৫। বাংলাদেশ প্রশাসন ব্যবস্থার মধ্যমণি হলো জেলা প্রশাসন। কারণ কেন্দ্রের পরেই জেলা প্রশাসন এবং কেন্দ্রের সিদ্ধান্তসমূহ জেলা প্রশাসনের মাধ্যমেই বাস্তবায়িত হয়। জেলা প্রশাসক একজন অভিজ্ঞ আমলা হওয়ায় সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সহজ হয়। ফলে আনুষ্ঠানিক প্রশাসনও গুরুত্ব পায়। তবে জনকল্যাণের প্রতি যতটুকু নজর দেওয়া উচিত অনেক সময় ততটুকু নজর দেওয়া হয় না। শিক্ষকের এরূপ মন্তব্য শুনে একজন জিজ্ঞাসা করল, আমাদের জেলা প্রশাসন ব্যবস্থা কি যথোপযুক্ত?

ক. বাংলাদেশে বর্তমানে কয়টি বিভাগ রয়েছে? ১

খ. সচিবালয় বলতে কী বোঝায়? ২

গ. কেন্দ্রের সাথে জেলা প্রশাসনের সম্পর্কের বিবরণ দাও। ৩

ঘ. "জেলা প্রশাসক জেলার পরিচালক, বন্ধু ও পথ প্রদর্শক" – ব্যাখ্যা কর। ৪

৬। জনগণের মধ্যে বয়ঃপ্রাপ্ত ও যোগ্যতা অর্জনকারী সকল ভোটারকে সমষ্টিগতভাবে নির্বাচকমণ্ডলী বলে। শিক্ষক ক্লাসে বলেন, নির্বাচিত সরকার জনগণের সরকার। আর নির্বাচকমণ্ডলী এ সরকারের ব্যারোমিটার হিসেবে ভূমিকা পালন করে। বাংলাদেশে নির্বাচন ও নির্বাচনের ফলাফলে প্রায় লক্ষ করা যায় যে, কোনো দল বা জোট এক মেয়াদের বেশি ক্ষমতায় থাকতে পারে না। ফলে দেশের উন্নয়ন কার্যধারায় ধারাবাহিকতা বজায় থাকে না। অথচ উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা অতীব জরুরি।

ক. নির্বাচন বলতে কী বোঝ? ১

খ. উত্তম নির্বাচন ব্যবস্থার দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. নির্বাচকমণ্ডলীর প্রত্যাশা পূরণে জনপ্রতিনিধিগণ ব্যর্থ হলে যে অবস্থার সৃষ্টি হয় তা বর্ণনা কর। ৩

ঘ. সরকারের ধারাবাহিকতা ও বাংলাদেশের উন্নয়ন সমার্থক হলেও তা বাস্তবায়ন করা যাচ্ছে না কেন? ব্যাখ্যা কর। ৪

৭। 'ক' রাষ্ট্রে বহু দলীয় রাজনৈতিক ব্যবস্থা বিদ্যমান। সে সঙ্গে রাজনৈতিক জোট গঠনের প্রবণতাও বেশি। কর্মসূচিগত ঐক্য ও দলীয় আদর্শের ঐক্যের কারণে জোট গঠন করা হয় তা ঠিক নয়। সম্পূর্ণ বিপরীতধর্মী আদর্শ ও কর্মসূচি থাকা সত্ত্বেও জোট গঠিত হতে দেখা যায়। অন্যান্য রাষ্ট্রে জোট গঠনের প্রবণতা থাকলেও 'ক' রাষ্ট্রে জোট গঠনের মূল লক্ষ্য হলো ক্ষমতা দখল করা।

ক. দ্বিদলীয় ব্যবস্থা কী? ১

খ. বাংলাদেশের দলীয় ব্যবস্থার দু'টি বৈশিষ্ট্য লেখ। ২

গ. "বাংলাদেশের কোনো দলের মধ্যেই প্রকৃত গণতন্ত্রের চর্চা নেই।" উক্তিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ক' রাষ্ট্রের ন্যায় তুমি কি মনে কর বাংলাদেশের বড় বড় রাজনৈতিক দলগুলো সঠিকভাবে পরিচালিত হচ্ছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮। বাংলাদেশের শাসনব্যবস্থা সম্পর্কে বলতে গিয়ে শিক্ষক বলেন, সংসদীয় সরকারব্যবস্থায় বাংলাদেশের শাসনব্যবস্থা পরিচালিত হচ্ছে। আর রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ এই ত্রিমাত্রার শাসকবর্গের অধীনে বাংলাদেশের নির্বাহী বিভাগ চলছে। রাষ্ট্রপতি শাসিত সরকারের মতে, ততটা সবল নয়। শিক্ষকের এ মন্তব্যের প্রেক্ষিতে এক ছাত্র জিজ্ঞাসা করল যে, এ ধরনের সরকার কি আমাদের জন্য কাম্য?

ক. কত সালের কত তারিখে বাংলাদেশের মূল সংবিধান কার্যকর করা হয়? ১

খ. বাংলাদেশের রাষ্ট্রপতির পদমর্যাদা কী? ২

গ. "বাংলাদেশের রাষ্ট্রপতি নামমাত্র শাসক প্রধান" উক্তিটি বিশ্লেষণ কর। ৩

ঘ. তুমি কি মনে কর, মন্ত্রিপরিষদ শাসিত সরকার বাংলাদেশের জন্য উপযোগী? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৯। সংবিধান হলো রাষ্ট্র পরিচালনার দর্পণ। দীর্ঘ ৯ মাস মুক্তিযুদ্ধের পর ১৯৭২ সালে অনেক যাচাই-বাছাইয়ের পর তা চূড়ান্তভাবে গৃহীত হয় জাতীয় পরিষদে। সংবিধানে আইন, শাসন ও বিচার বিভাগের মধ্যে একটি সুন্দর ভারসাম্য রক্ষা করেই সংসদীয় সরকার ব্যবস্থা প্রবর্তন করা হয়। বাংলাদেশের সংবিধানে উল্লেখ আছে, শাসকের ক্ষমতা ও শাসিতের অধিকার এবং তাদের মধ্যে সুসম্পর্ক বিদ্যমান।

ক. বাংলাদেশে খসড়া সংবিধান কমিটির প্রধান কে ছিলেন? ১

খ. কোরাম কী? ২

গ. বাংলাদেশ সংবিধান কীভাবে সংশোধন করা যায়? ৩

ঘ. 'ব্যক্তিস্বাধীনতা ও গণতন্ত্র বাস্তবায়নের জন্য নাগরিকের মৌলিক অধিকার বোধ অপরিহার্য'– উদ্দীপকের আলোকে বাংলাদেশ সংবিধানে উল্লিখিত মৌলিক অধিকারের বিবরণ দাও। ৪

http://teachingbd.com

এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট — বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র (বহুনির্বাচনি) — পূর্ণমান—৪০

[উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর]

১. রাজা শশাংক কেমন রাজা ছিলেন?
ক প্রজাহিতৈষী খ ন্যায়বিচারক
গ অত্যাচারী ঘ গণতন্ত্রী

২. পলাশীর যুদ্ধ সংঘটিত হয়?
ক ১৭৫৭ সালের ২৩ জানুয়ারি
খ ১৭৫৭ সালের ২৩ মার্চ
গ ১৭৫৭ সালের ২৩ এপ্রিল
ঘ ১৭৫৭ সালের ২৩ জুন

৩. এ উপমহাদেশে কোন স্থান থেকে ইংরেজবিরোধী আন্দোলন শুরু হয়?
ক বাংলা খ বিহার
গ উড়িষ্যা ঘ মাগধী

৪. কত সালে India Association নামক একটি সংগঠনের জন্ম লাভ হয়?
ক ১৮৭৬ সালে খ ১৮৯৬ সালে
গ ১৮৯৯ সালে ঘ ১৯০২ সালে

৫. তিতুমীর কত সালে জন্মগ্রহণ করেন?
ক ১৭৮২ সালে খ ১৭৮৬ সালে
গ ১৭৯১ সালে ঘ ১৭৯৭সালে

৬. বঙ্গভঙ্গ কত সালে রচিত হয়?
ক ১৯০৭ সালে খ ১৯০৯ সালে
গ ১৯১১ সালে ঘ ১৯১২ সালে

৭. বারাসাত বিদ্রোহ কত সালে সংঘটিত হয়?
ক ১৮০৫ সালে খ ১৯১৫ সালে
গ ১৮২৫ সালে ঘ ১৯৩৫ সালে

৮. বাংলা, বিহার ও উড়িষ্যার নবাব ছিলেন—
i. সফররাজ খান
ii. আলীবর্দী খান
iii. সিরাজউদ্দৌলা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ iii ঘ i, ii ও iii

৯. শেরে বাংলা এ কে ফজলুল হক এর জন্মস্থান কোথায়?
ক চট্টগ্রাম খ বরিশাল
গ টাঙ্গাইল ঘ ময়মনসিংহ

১০. ঐতিহাসিক 'বেঙ্গল প্যাক্ট' বলতে বোঝায়—
ক হিন্দু-মুসলিম চুক্তি খ বৌদ্ধ-খ্রিস্টান চুক্তি
গ হিন্দু-বৌদ্ধ চুক্তি ঘ মুসলিম-খ্রিস্টান চুক্তি

১১. যুক্তফ্রন্ট জনগণের সামনে কয় দফা নির্বাচনি ইশতেহার উপস্থাপন করে?
ক ১৭ দফা খ ১৮ দফা
গ ২০ দফা ঘ ২১ দফা

১২. 'বাংলা প্রেসিডেন্সির'র রাজধানীর নাম কী ছিল?
ক কলকাতা খ দিল্লি
গ ঢাকা ঘ চট্টগ্রাম

১৩. বঙ্গভঙ্গের মুখ্য কারণ—
ক সমাজতান্ত্রিক খ শাসনতান্ত্রিক
গ গোষ্ঠীতান্ত্রিক ঘ এককেন্দ্রিক

১৪. যে চুক্তির ফলে ভারতবর্ষে স্বায়ত্তশাসন জোরদার হয়—
ক শান্তি চুক্তি খ ভ্রাতৃ চুক্তি
গ লক্ষ্মৌ চুক্তি ঘ সাম্প্রদায়িক চুক্তি

১৫. লাহোর প্রস্তাব অনুসারে অঙ্গরাজ্যগুলো হবে—
ক স্বায়ত্তশাসিত ও সার্বভৌম খ স্বায়ত্তশাসিত
গ সার্বভৌম ঘ স্বাধীন ও সার্বভৌম

১৬. প্রদেশকে বিভক্তিকরণ পরিকল্পনার উদ্যোক্তা ছিলেন?
i. ব্যামফিল্ড ফুলার
ii. অ্যান্ড্রু ফ্রেজার
iii. নিলোকাস প্রেডার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৭. যে ব্যবস্থা ছিল ১৯৬২ সালের সংবিধানের সাথে ওতপ্রোতভাবে জড়িত—
ক প্রত্যক্ষ গণতন্ত্র খ মৌলিক গণতন্ত্র
গ সামরিকতন্ত্র ঘ আমলাতন্ত্র

১৮. ১৯৭১ সালের অস্থায়ী সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়—
ক ১৫ এপ্রিল খ ১৭ এপ্রিল
গ ১৮ এপ্রিল ঘ ২০ এপ্রিল

১৯. সংবিধান সংশোধনে সংসদের কত ভোট প্রয়োজন?
ক এক তৃতীয়াংশ খ দু-তৃতীয়াংশ
গ এক-চতুর্থাংশ ঘ দু-চতুর্থাংশ

২০. কোন তারিখে বাংলাদেশের সংবিধান গণপরিষদে গৃহীত হয়?
ক ৩ এপ্রিল, ১৯৭২ খ ১৭ এপ্রিল, ১৯৭২
গ ৪ নভেম্বর, ১৯৭২ ঘ ১২ অক্টোবর, ১৯৭২

২১. বাংলাদেশ সংবিধানের ব্যবস্থা বিলুপ্ত করা হয়?
ক দ্বাদশ খ ত্রয়োদশ
গ চতুর্দশ ঘ পঞ্চদশ

২২. বাংলাদেশের সর্বোচ্চ মর্যাদার অধিকারী কে?
ক প্রধানমন্ত্রী খ প্রধান বিচারপতি
গ সেনাপ্রধান ঘ রাষ্ট্রপতি

২৩. জাতীয় সংসদ কর্তৃক গৃহীত ও প্রেরিত বলে রাষ্ট্রপতি কতদিনের মধ্যে সম্মতি দেন?
ক ১০ দিন খ ১২ দিন
গ ১৪ দিন ঘ ১৫ দিন

২৪. সংবিধানের বিধান অনুযায়ী ন্যায়পাল হবেন—
i. বিচক্ষণ ও জ্ঞানী
ii. বিচক্ষণ ও দক্ষ
iii. আইনজ্ঞ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৫. জাতীয় সংসদে কোরাম হয় কত জনের?
ক ৪০ জন খ ৫০ জন
গ ৬০ জন ঘ ৯০ জন

২৬. "বিচার বিভাগের দক্ষতাই সরকারের শাসন ক্ষমতার দক্ষতা ও যোগ্যতার মানদণ্ড"— উক্তিটি কার?
ক অধ্যাপক লাস্কি খ জন স্টুয়ার্ট মিল
গ লর্ড ব্রাইস ঘ অধ্যাপক গার্নার

২৭. বাংলাদেশের সরকারি কর্ম কমিশন গঠন করা হয় কত সালে?
ক ১৯৭৭ সালে খ ১৯৭৮ সালে
গ ১৯৮৩ সালে ঘ ১৯৮২ সালে

২৮. মন্ত্রণালয়ের নির্বাহী প্রধান কে?
ক সচিব খ মন্ত্রী
গ তত্ত্বাবধায়ক ঘ বিভাগীয় কমিশনার

২৯. বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থার মূল বৈশিষ্ট্য হলো—
ক এককেন্দ্রিক খ গণতান্ত্রিক
গ স্বায়ত্তশাসিত ঘ আমলাতান্ত্রিক

৩০. যার ভিত্তিতে প্রত্যেক ইউনিয়ন ৯টি ওয়ার্ডে বিভক্ত—
i. আয়তন
ii. জনসংখ্যা
iii. জনগণের শিক্ষার হার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. দলীয় শাসনব্যবস্থাকে মূলত কত ভাগে ভাগ করা যায়?
ক ২ ভাগে খ ৩ ভাগে
গ ৪ ভাগে ঘ ৫ ভাগে

৩২. ব্রিটেনের শাসনব্যবস্থা কেমন?
ক একদলীয় খ দ্বি-দলীয়
গ বহুদলীয় ঘ নির্দলীয়

৩৩. কোন শাসনে গণতন্ত্রের অপমৃত্যু ঘটে?
ক রাষ্ট্রপতির শাসন
খ সংসদীয় শাসন
গ সামরিক শাসন
ঘ তত্ত্বাবধায়ক শাসন

৩৪. মন্ত্রিপরিষদ শাসিত সরকার পুনঃপ্রবর্তন হয় কোন সংশোধনীর মাধ্যমে?
ক ১০ম খ ১১শ
গ ১২শ ঘ ১৩শ

৩৫. পঞ্চদশ সংশোধনী পাস হয় কখন?
ক ২০১১ সালের ৩০ মার্চ
খ ২০১১ সালের ৩০ এপ্রিল
গ ২০১১ সালের ৩০ জুন
ঘ ২০১১ সালের ৩০ আগস্ট

৩৬. নির্বাচন কমিশনের কার্যকাল কত বছর?
ক ৫ বছর খ ৬ বছর
গ ৭ বছর ঘ ১০ বছর

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৩৭ ও ৩৮নং প্রশ্নের উত্তর দাও :

জাতীয় সংসদ নির্বাচনের জন্য সবার মধ্যে অন্যরকম উদ্দীপনা কাজ করে। চট্টগ্রামের আদীব এ নির্বাবন নিয়ে অনেক উদগ্রীব। কারণ সে একজন ভোটার। সে এবার নির্বাচনে প্রথম ভোট প্রদান করবে।

৩৭. আদীবের বয়স কত বছর?
ক ১৭ বছর খ ১৮ বছর
গ ১৯ বছর ঘ ২০ বছর

৩৮. আদীব ভোটাধিকার প্রয়োগ করবে—
i. বাংলাদেশের নাগরিক হওয়ার
ii. সংবিধানের ২২ অনুচ্ছেদ অনুযায়ী
iii. সংবিধানের ১২০ অনুচ্ছেদ অনুযায়ী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও :



৩৯. বাংলাদেশের স্থানীয় স্বায়ত্তশাসনের যে পরিবর্তন রেখাচিত্রে দেখানো হয়েছে তা কত সালের আইনের রদবদল?
ক ১৯৬৮ খ ১৯৬৯
গ ১৯৭১ ঘ ১৯৭২

৪০. রেখাচিত্রে '?' চিহ্নিত স্থানে কি বসবে?
ক ইউনিয়ন সভা খ স্থানীয় সরকার
গ ইউনিয়ন পরিষদ ঘ গ্রাম সরকার

উত্তরমালা

১	গ	২	ঘ	৩	ক	৪	ক	৫	খ	৬	ক	৭	গ	৮	ঘ	৯	খ	১০	ক	১১	ঘ	১২	ক	১৩	খ	১৪	ঘ	১৫	ক	১৬	ক	১৭	খ	১৮	খ	১৯	খ	২০	গ
২১	ঘ	২২	ঘ	২৩	ক	২৪	খ	২৫	গ	২৬	গ	২৭	ক	২৮	খ	২৯	খ	৩০	ক	৩১	খ	৩২	খ	৩৩	গ	৩৪	গ	৩৫	গ	৩৬	ক	৩৭	খ	৩৮	গ	৩৯	ঘ	৪০	গ

http://teachingbd.com